# মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়্যেম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ ফায়েদা: আল্লাহর কাছে প্রত্যাবর্তনের (নিবেদিত হওয়ার) হাকীকত

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ফায়েদা: আল্লাহর কাছে প্রত্যাবর্তনের (নিবেদিত হওয়ার) হাকীকত

আল-ইনাবা তথা আল্লাহর প্রতি প্রত্যাবর্তন হলো অন্তরে তাঁর প্রতি ঝাঁপিয়ে পড়া, নিবেদিত হওয়া ও আসক্ত হওয়া। যেভাবে মসজিদে শারীরিক ‘ইতিকাফ করা হয়, যা তাকে মসজিদ থেকে আলাদা করে না। এর মূলকথা হলো, আল্লাহর ভালোবাসা, তাঁর মহত্ব ও সম্মানের যিকির, ইখলাসের সাথে সমস্ত অঙ্গ-প্রত্যঙ্গের মাধ্যমে তাঁর আনুগত্য ও তাঁর রাসূলের অনুসরণ ইত্যাদি নিবেদিত অন্তরে করা। যেমন নিবেদিত ইমামগণের ইমাম (ইবরাহীম ‘আলাইহিস সালাম) তার জাতিকে বলেছিলেন,

﴿مَا هَٰذِهِ ٱلتَّمَاثِيلُ ٱلَّتِيٓ أَنتُمۡ لَهَا عَٰكِفُونَ٥٢﴾ [الانبياء: ٥٢]

“এ মূর্তিগুলো কী, যেগুলোর পূজায় তোমরা রত রয়েছ?” [সূরা আল-আম্বিয়া, আয়াত: ৫২]

Source — https://www.hadithbd.com/books/link/?id=9775

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন